**Bhavan's Tripura Vidyamandir**

PA-2, Examination 2025-2026

**Class:- 9** | **Subject:- Bengali**

Time:- 2 Hours | Total :- 50 Marks

Name of the student: Roll Section

---

1) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও: 1×4=4

চন্দ্র অস্ত গেল। অন্ধকার বনপথ, পশ্চিম দিগন্তের দূর শৈলমালার পিছনে শেষ রাত্রির চন্দ্র ঢালিয়া পড়িয়াছে। ছায়া দীর্ঘ হইয়া আসিল, পাখ-পাখালির শব্দ নাই কোনো দিকে, শুধু ছায়া, ছায়া, অন্ধকার মাঠ, অন্ধকার বন । শেষরাত্রির বাতাস বেশ ঠান্ডা হইয়া উঠিল। ঘড়িতে রাত সাড়ে তিনটা।ভয় হয়, শেষ রাতের অন্ধকারে বুনো হাতির দল সামনে না আসে, মধুবনীর জঙ্গলে একপাল বুনো হাতিও আছে। এবার আশেপাশে ছোটো পাহাড়, তার মধ্য দিয়ে পথ, পাহাড়ের মাথায় নিষ্পত্র শুভ্রকান্ড গোলাপি ফুলের গাছ, কোথাও রক্ত পলাশের বন। শেষরাত্রের চাঁদ- ডোবা অন্ধকারে বন-পাহাড় অদ্ভূত দেখায়| ক্রমে পূর্বদিক ফর্সা হইয়া আসিল, ভোরের হাওয়া বহিতে লাগিল, ছুট-ছুট, খুব ভালো ঘোড়া। তাই এই পথে সামনে ছুটিতে পারে। সন্ধ্যায় কাছারি ছাড়িয়াছি -আর ভোর হইয়া গেল। সম্মুখে এখনও যেন পথের শেষ নাই, সেই একঘেয়ে বন, পাহাড়|

ক) শেষ রাতে লেখকের ভয়ের কারণ কী ছিল?

a). বুনো হাতির দল b) বাঘের দল. c) সিংহ d) চোর ডাকাত

খ) তখন ঘড়িতে কটা বাজে?

a) সাড়ে পাঁচটা b) সাড়ে তিনটা c) সাড়ে চারটা d) আড়াইটা

গ.) মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য( ক): সম্মুখে এখনও যেন পথের শেষ নাই ।

মন্তব্য (খ) পাহাড়ের মাথায় নিষ্পত্র শুভ্রকান্ড সাদা ফুলের গাছ ।

a. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

b. মন্তব্য (ক) ও (খ) দুটোই ঠিক

c. মন্তব্য (ক) ও (খ) দুটোই ভুল

d. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

ঘ) সন্ধিবিচ্ছেদ করো: ' দিগন্ত'

a) দিক্ + অন্ত b) দিগ + অন্ত c) দিক +অন্ত d)দিগ্ +অন্ত

2) নির্দেশানুসারে বাক্য পরিবর্তন কর: 1×3=3

i) সকলের কল্যাণ হোক। (নির্দেশক বাক্য)
ii) আন্তরিক পরিশ্রম সর্বদাই সার্থক হয়। (নঞর্থক বাক্য)
iii) প্রতিভা কী শিক্ষা নিরপেক্ষ?( নির্দেশক বাক্য)

3) নীচে রেখাঙ্কিত পদটি র ব্যাসবাক্য সহ সমাস নির্ণয় কর: 1×3=3

ক) সে অপ্রতিভ থেকে গেল।

খ) গৃহস্থ বাড়িতে ছিলেন না ।

গ) মূর্তির গলায় নবরত্ন এর মালা রয়েছে।

4) নীচের অতিসংক্ষিপ্ত প্রশ্নগুলির উত্তর দাও: 1×5=5

ক) 'গৃহস্বামী ও বিস্মিত'---'গৃহস্বামী' বলতে কাকে বোঝানো হয়েছে ?

a). ইলিয়াসকে b). ইলিয়াসের স্ত্রীকে c ). মহাম্মদ শা কে d). অতিথি

খ) কোথায় আগুনের হলকা চলছে ?

a). উপা প্রদেশে b). উফা প্রদেশে c ) দক্ষিণাঞ্চলে d ) পূর্বাঞ্চলে

গ)মিসেস বুলের স্বামী কি বাজাতেন?

a) হারমোনিয়াম b ) তবলা C). বেহালা d )একতারা

ঘ) কার রুক্ষ মেজাজ ছিল ?

a). মিসেস বুলের b.)মিস মুলারের c.). মিসেস সেভিয়ারের d)নোবলের

ঙ). মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য( ক): ইলিয়াসের অবস্থা খারাপ হয়ে পড়ল ।

মন্তব্য (খ)পঁয়ত্রিশ বছর পরিশ্রম করে সে প্রচুর সম্পত্তি করে ফেলল ।

a. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

b. মন্তব্য (ক) ও (খ) দুটোই ঠিক

c. মন্তব্য (ক) ও (খ) দুটোই ভুল

d. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

5)প্রতিবছর কীভাবে তাদের অবস্থার উন্নতি হতে লাগলো বুঝিয়ে লিখ ? 2

6) " মনে হচ্ছে সরাসরি তোমাকে লেখা ভালো"- বক্তা কাকে উদ্দেশ্য করে কেন এ কথা বলেছেন ? 3

7)নীচের যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও : 2+3=5

ক) " কিন্তু ঈশ্বর আমাদের কাছে সত্যকে উন্মুক্ত করেছেন।"- বক্তা কে? কোন সত্যের কথা বলা হয়েছে? তা কীভাবে উন্মুক্ত হয়?

অথবা

খ) " সর্বোপরি তোমার ধমনীতে প্রবাহিত কেল্টিক রক্তের জন্য--- যাকে আজ প্রয়োজন । "-কার সম্পর্কে বলা হয়েছে ? তার ধমনীতে কেল্টিক রক্ত প্রবাহিত বলতে লেখক কী বুঝিয়েছেন ? তার সম্পর্কে লেখক এর মন্তব্য কতদূর সত্য তা আলোচনা কর ।

8) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো: (যে কোনো একটি) 5×1=5

ক)" মোরা জানি খোঁজ বৃন্দাবনে তে ভগবান করে খেলা
রাজা বাদশার সুখ-দুখ দিয়ে ঘড়েছি কথার মেলা।"

অথবা

খ)" মাটি তো আগুনের মতো হবেই
যদি তুমি ফসল ফলাতে না জানো;"

9) নীচের যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও: ( 2+3)=5

ক) " অনন্তকাল যাদের বেদনা রহিয়াছে শুধু বুকে
এদেশের কবি রাখে নাই যাহা মুখের ভাষায় টুকে। "- কার লেখা কোন কবিতার অন্তর্গত?' যাদের বেদনা' বলতে কাদের কীরূপ বেদনার কথা বলা হয়েছে? আলোচ্য অংশের তাৎপর্য কী?

অথবা

খ) " একবার মাটির দিকে তাকাও

একবার মানুষের দিকে” - কার লেখা ,কোন কবিতার অংশ? তাৎপর্য বিশ্লেষণ কর।

10) নীচের অতি সংক্ষিপ্ত প্রশ্ন গুলির উত্তর দাও: $1 \times 5 = 5$

ক) কে আতঙ্কে নীলবর্ণ হয়ে গিয়েছিল?

a). সতু b). বীলু c). রানু d) অপু

খ) মন্তব্য বিষয়ে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

মন্তব্য( ক): যুগপৎ দুই চুরির অভিযোগের অতর্কিততায় আড়ষ্ট হইয়া দুর্গা পাঁচিলের গায়ে ঠেস দিয়া দাঁড়াইয়া ঘামিতেছিল।

মন্তব্য (খ) দুর্গার বয়স মাত্র পাঁচ বছর ছিল।

a. মন্তব্য (ক) ঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল

b. মন্তব্য (ক) ও (খ) দুটোই ঠিক

c. মন্তব্য (ক) ও (খ) দুটোই ভুল

d. মন্তব্য (ক) ভুল কিন্তু মন্তব্য (খ) ঠিক

গ) সান্যাল মশাই কিসে বাতিকগ্রস্থ ছিলেন?

a). মাদকে b). দেশ ভ্রমণে c). কথা বলায় d). নামতা বলায়

ঘ) অপু কখন তন্ময় হয়ে যেত ?

a). রাজপুত্র দের কথায় b). রাজা রানীর কথায় c). রূপকথার গল্পে d). কুরুক্ষেত্রের যুদ্ধের কথা শুনতে শুনতে

ঙ) হরিহর কোন শিষ্যের বাড়ি গিয়েছিল?

a). সতু b). লক্ষণ মহাজন c). ফনে d)নবীন পালিত

11) নীচের প্রশ্নগুলির উত্তর দাও: ( যেকোনো একটি ) (2+3) =5

ক)” জল মাটির তৈরি নশ্বর পৃথিবীতে এ ঘটনা কি করিয়া সম্ভব হইল।”-আলোচ্য অংশটি কার লেখা, কোন পাঠ্য অংশ থেকে গৃহীত হয়েছে?এখানে কোন ঘটনার কথা বলা হয়েছে? বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দাও ।

অথবা

খ) “ অপুকে জল ভরা চোখে বাবার পিছন পিছন অগ্রসর হইতে হইল ”-অপু কার সঙ্গে কোথায় যাচ্ছিল? রেললাইন দেখার ব্যাপারে তার কী অভিজ্ঞতা হয়? কেন তাকে জল ভরা চোখে বাবার পিছন পিছন অগ্রসর হতে হয়?

12)ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরে অলিম্পিয়াড পরীক্ষা অনুষ্ঠিত হয় - এ বিষয়ে সংবাদপত্রে একটি প্রতিবেদন রচনা কর । 5

অথবা

আদালতের নির্দেশে বৃদ্ধ পিতামাতার ভার পড়লো সন্তানের উপর- এ বিষয়টি নিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা কর।

**********